



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ঋণ আদায় বিভাগ।

ফোন : +৮৮০২২২৩৩৮৩১৬৫;

ই-মেইল :

dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়/১(৫৯)/২০২৩-২০২৪/২৯৮

তারিখঃ ২৯-১০-২০২৩ খ্রিঃ

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

বিষয়ঃ নবান্ন উৎসব উপলক্ষ্যে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ১৬ নভেম্বর ২০২৩

তারিখে একযোগে সকল শাখায় 'নবান্ন' অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

মহোদয়,

আসন্ন অগ্রহায়ণ মাস নবান্নের মাস। এ সময়ে বাংলার প্রধান ফসল আমন ধান বিক্রির মাধ্যমে কৃষকদের হাতে নগদ অর্থের আগমন ঘটে। আবার মৌসুমি ফসল উৎপাদনের জন্য কৃষকের নগদ অর্থের প্রয়োজন হয়। সুতরাং, এ সময়ই ঋণ বিতরণ ও ঋণ আদায়ের উপযুক্ত সময়। আসন্ন আমন ফসল কর্তনের মৌসুমে অত্যন্ত সচেতনতা, আন্তরিকতা ও পরিশ্রমের মাধ্যমে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলের সচেতন হওয়া প্রয়োজন। এ উদ্দেশ্যকে বিবেচনায় রেখে ১৬ নভেম্বর ২০২৩ তারিখে একযোগে সকল শাখায় 'নবান্ন' অনুষ্ঠান আয়োজনের বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

০২। ২০২৩-২০২৪ অর্থবছরের ১৯/১০/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৬তম সপ্তাহ শেষে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ২২২০০.০০ কোটি টাকার বিপরীতে অর্জনের পরিমাণ ৩৯০০.৫১ কোটি টাকা, হার ১৮%; আনুপাতিক লক্ষ্যমাত্রা ৬৮৩০.৭৭ কোটি টাকার তুলনায় ২৯৩০.২৬ কোটি টাকা কম এবং বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১৫৬৯৯.৪১ কোটি টাকার বিপরীতে অর্জনের পরিমাণ ২৯৯৮.৩৮ কোটি টাকা, হার ১৯%; আনুপাতিক লক্ষ্যমাত্রা ৬১৫৬.২১ কোটি টাকার তুলনায় ৩১৫৭.৮৩ কোটি টাকা কম এবং তা মোটেই সন্তোষজনক নয়। ঋণ বিতরণ ও আদায়ের উপরোক্ত নাজুক পরিস্থিতি কাটিয়ে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে 'নবান্ন' উৎসব উপলক্ষ্যে স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগসমূহের মধ্যে বিভিন্ন খাতে লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-১ অনুযায়ী নির্ধারণ করা হলো। বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের আওতাধীন কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহের মধ্যে লক্ষ্যমাত্রা বন্টনপূর্বক উক্ত পত্রের অনুলিপি ঋণ আদায় বিভাগে আগামী ৩০-১০-২০২৩ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করবেন। বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রামুখ্য অঞ্চল/অঞ্চল প্রধানগণ তাঁদের আওতাধীন শাখাসমূহের মধ্যে আনুপাতিক হারে বন্টন করে দিবেন।

০৩। মাঠ পর্যায়ে ব্যাংকের গৃহীত যে কোন কর্মসূচির সফল বাস্তবায়ন মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, অঞ্চল প্রধান এবং কর্পোরেট শাখা প্রধানের গতিশীল নেতৃত্ব, তাত্ক্ষণিক যথাযথ নির্দেশনা প্রদান ও প্রয়োজনীয় তদারকির উপর বহুলাংশে নির্ভরশীল বিধায় এ কর্মসূচির সফল বাস্তবায়নের দায়-দায়িত্ব তাঁদের উপর ন্যস্ত করা হলো। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ এ কর্মসূচি সফলভাবে আয়োজনের মাধ্যমে নির্ধারিত ঋণ বিতরণ এবং ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে তাঁদের প্রজ্ঞা ও অভিজ্ঞতার আলোকে কর্পোরেট শাখা/শাখাসমূহকে যথোপযুক্ত দিক নির্দেশনা প্রদান করবেন এবং কর্মসূচির সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক গৃহীত কর্মসূচির তদারকি কার্যক্রম জোরদার করবেন। অনুরূপভাবে স্থানীয় মুখ্য কার্যালয় প্রধান উক্ত কর্মসূচির সফল বাস্তবায়নে কার্যালয়ে কর্মরত জনশক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করবেন।

০৪। "নবান্ন উৎসব" কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ কার্যালয়সমূহের করণীয়ঃ

(ক) আমানত সংগ্রহঃ

ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমসহ সার্বিক আর্থিক কর্মকাণ্ডের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখার স্বার্থে আমানত সংগ্রহ অপরিহার্য। সুদবিহীন/কম সুদবাহী আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপসহ বর্তমান অর্থবছরের বার্ষিক আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে। বিশেষ স্কীম খোলাসহ নতুন সুদমুক্ত/কম সুদবাহী আমানত হিসাব খোলার জন্য ইতোপূর্বে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যে নির্দেশনা প্রদান করেছেন তা উক্ত কর্মসূচি চলাকালে শতভাগ অর্জনের জন্য পুনরায় পরামর্শ দেয়া হলো।

৫

৫

(খ) ঋণ বিতরণ :

- (১) ব্যাংককে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে পর্যাপ্ত পরিমাণ গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ অপরিহার্য। শস্য, মৎস্য, প্রাণিসম্পদ (Core Sector) ও চলতি মূলধন ঋণের খাতসহ অন্যান্য সকল খাতে গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ করে নবান্ন উৎসব উপলক্ষ্যে নির্ধারিত ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে হবে;
- (২) সকল প্রণোদনা প্যাকেজ এর আওতায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পর্যাপ্ত ঋণ বিতরণের ব্যবস্থা করতে হবে;
- (৩) বর্গাচাষী ও ভূমিহীন কৃষকদের অনুকূলে ঋণ বিতরণের সহজীকরণ নীতিমালার আলোকে দ্রুততা ও স্বচ্ছতার সাথে পর্যাপ্ত ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে;
- (৪) সিএমএসএমই খাতে প্রদত্ত লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে;
- (৫) এসএমই (SME) ও নারী উদ্যোক্তা ঋণ বিতরণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) ঋণ আদায় :

- (১) শ্রেণীকৃত ঋণ আদায়: নবান্ন উৎসব আয়োজনকালীন সময়ে শ্রেণীকৃত ঋণ (CL) বিশেষ করে মন্দ/ক্ষতি (BL) ঋণ আদায়ে বিশেষ গুরুত্বারোপ করতে হবে।
- (২) শ্রেণীযোগ্য ঋণ আদায়: নবান্ন উৎসব উপলক্ষ্যে শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1 নিয়মিত+পুনঃতফসিলকৃত) আদায়ের নির্ধারিত আনুপাতিক লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে। ২০২৩-২০২৪ অর্থ বছরে শ্রেণীযোগ্য-২ (WCL-2) ঋণের কোন অংশ যাতে আগামী ৩০-০৬-২০২৪ সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণে পরিণত না হয় সে লক্ষ্যে এখন থেকেই শ্রেণীযোগ্য-২ ঋণ আদায়ের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সদয় নির্দেশনা প্রদান করেছেন;
- (৩) দ্বিগুণের আওতায় আদায়যোগ্য স্বল্পমেয়াদী কৃষি ঋণ: উক্ত খাতে ঋণ হিসাবসমূহে আসলের সমপরিমাণ সুদ ধার্য হওয়ায় ঋণসমূহ আদায়ে বিশেষ গুরুত্বারোপ করে নির্ধারিত আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে।
- (৪) পুনঃতফসিলকৃত ঋণ আদায়: পুনঃতফসিলকৃত ঋণসমূহ ব্যাংকের নন পারফরমিং এ্যাসেট বিধায় এ ঋণসমূহ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৫) অবলোপনকৃত ঋণ আদায় ও ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর: ব্যাংকের আয় বৃদ্ধির লক্ষ্যে অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ হতে আয় খাতে স্থানান্তরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে;
- (৬) সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তিকরণ: সার্টিফিকেট আদালতের বাইরে মোকদ্দমা সংশ্লিষ্ট খাতকের সাথে ব্যক্তিগত নিবিড় যোগাযোগের মাধ্যমে শাখার উল্লেখযোগ্য সংখ্যক সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা নিতে হবে।
- (৭) নোটিশ জারী: শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণ গ্রহীতাগণের সাথে ব্যক্তিগত যোগাযোগ নিশ্চিত করতে হবে। নবান্ন উৎসব উপলক্ষ্যে জারীযোগ্য নোটিশ সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাগণের নিকট ০৫-১১-২০২৩ তারিখের মধ্যে পৌঁছানো নিশ্চিতকরতে হবে।
- (৮) শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে শ্রেণীকৃত/খেলাপী ঋণ আদায় বৃদ্ধিকরণ: শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাগণের তালিকা হালনাগাদ করণসহ তাঁদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৯) তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ ও তামাদি রোধ : তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ এবং তামাদি রোধ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে তামাদি ঋণের সংখ্যা ও পরিমাণ ৩০-০৬-২০২৩ তারিখের তুলনায় উল্লেখযোগ্যভাবে হ্রাসকরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- (১০) ভুয়া ঋণ আদায় : চিহ্নিত ভুয়া ঋণসমূহের সাক্ষী, সনাক্তকারী ও জামিনদারদের উপর সামাজিক চাপ সৃštisহ আইনগত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে ভুয়া ঋণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (১১) সকল কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপকগণ ১৬ নভেম্বর, ২০২৩ তারিখে সকল শাখায় একযোগে নবান্ন উৎসবের অনুষ্ঠান আয়োজন করবেন। উক্ত অনুষ্ঠানে স্থানীয় প্রশাসনের সর্বোচ্চ নির্বাহী, বিশেষ করে সার্টিফিকেট মামলার দায়িত্বপ্রাপ্ত সার্টিফিকেট অফিসারকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করে সদয় আমন্ত্রণ জানাতে হবে।
- (১২) “নবান্ন” উৎসব কর্মসূচিকে সাফল্য মণ্ডিত করার জন্য ঢোল সহরত, লিফলেট ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারণা চালাতে হবে এবং শাখাকে রঙ্গিন পোস্টার/ ফুল দিয়ে সাজিয়ে উৎসব মুখর পরিবেশ সৃštisহ শাখার সামনে শামিয়ানা টানিয়ে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে।




০৫। স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের বিভাগাধীন কর্পোরেট শাখা ও মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহ কর্তৃক “নবান্ন” উৎসব উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের অর্জন সংক্রান্ত তথ্যাদির সংকলিত বিবরণী পরিশিষ্ট-২ এ উল্লেখিত ছকে ১৬-১১-২০২৩ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ই-মেইলযোগে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।


০৬। “নবান্ন” উৎসব কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ে কর্মরত জনশক্তি বিভাগীয় মহাব্যবস্থাপকগণ তাঁদের বিভাগাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ে সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় অঞ্চল/কর্পোরেট শাখায় নিয়োজিত করবেন। অঞ্চল প্রধানগণ নিজ কার্যালয়ের কর্মকর্তাসহ বিভাগীয় কার্যালয় হতে প্রেরিত কর্মকর্তাগণকে অঞ্চলাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ে সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় শাখায় নিয়োজিত করে তাদের শ্রম, সময় ও মেধাকে ব্যাংক/শাখার স্বার্থে কাজে লাগানোর জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন। শাখা ব্যবস্থাপকগণ শাখায় কর্মরত মাঠকর্মীর সাথে এ সকল কর্মকর্তাগণকে সম্পৃক্ত করবেন।

০৭। “নবান্ন” উৎসব কার্যক্রম সরাসরি পর্যবেক্ষণ ও সফল বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয়ের উর্ধতন নির্বাহীগণ উপস্থিত থেকে মাঠকর্মীদের উদ্বুদ্ধ করবেন।

০৮। উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে শ্রেণীকৃত ঋণ (CL), শ্রেণীযোগ্য ঋণ, দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ এবং পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ১৬ নভেম্বর ২০২৩ তারিখে “নবান্ন” উৎসব উপলক্ষ্যে আয়োজিত আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং আদায়ের বিশেষ কর্মসূচির সফল বাস্তবায়নের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,


(মোঃ নাজমুল হোসেন)

মহাব্যবস্থাপক

ঋণ আদায় মহাবিভাগ

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২৩-২০২৪/২৯৮

তারিখ : ২৯-১০-২০২৩খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সচিব, পর্যদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
- ০৭। আঞ্চলিকনিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
- ০৮। নথি


(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপমহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।

বিষয়ঃ আগামী ১৬-১১-২০২৩ ইং তারিখে অন্তর্গত “নবান্ন” অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা।

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	আমানত সংগ্রহ	ঋণ বিতরণ	ঋণ আদায়							সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা	৫২-স্থগিত সুদ আদায়ের লক্ষ্যমাত্রা	অবলোপনকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা	বৈদেশিক রেমিট্যান্স প্রদান
				শ্রেণীকৃত ঋণ	শ্রেণীযোগ্য-১ ঋণ(নিয়মিত)	শ্রেণীযোগ্য-১ ঋণ(পুনঃতফসিল)	শ্রেণীযোগ্য-২ ঋণ(নিয়মিত)	শ্রেণীযোগ্য-২ ঋণ(পুনঃতফসিল)	বিশ্বস্তের আওতায় আদায়যোগ্য ঋণ	পুনঃতফসিলকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১, ২ ও বিশ্বস্ত বাজীত)				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২(৫-১১)	১৩	১৪	১৫
১	ঢাকা	৩২৫.০০	৩৫০.০০	১৪০.০০	৪০.০০	১০.০০	১৫.০০	৫.০০	১৮.০০	১৮.০০	২৪৬.০০	২৫.০০	৬.২০	২০.০০
২	ময়মনসিংহ	১০.০০	১০০.০০	৩০.০০	২৫.০০	১২.০০	১২.০০	৫.০০	২৫.০০	৩২.০০	১৪১.০০	১২.০০	০.৮০	১০.০০
৩	চট্টগ্রাম	১৭৫.০০	২০০.০০	৭০.০০	৩০.০০	৭০.০০	১০.০০	৩.০০	৪.০০	৩.০০	১৯০.০০	৮.০০	২.৫০	১০.০০
৪	খুলনা	৩৫.০০	২০০.০০	১৫.০০	২০.০০	১২.০০	১২.০০	৫.০০	৩.০০	৩.০০	৭০.০০	৩.০০	২.২০	১০.০০
৫	বরিশাল	৬০.০০	১০০.০০	৫.০০	১০.০০	৫.০০	৮.০০	৬.০০	১২.০০	১৫.০০	৬১.০০	৮.০০	০.৭০	১০.০০
৬	সিলেট	৬০.০০	৮০.০০	৫.০০	২০.০০	২০.০০	৫.০০	৩.০০	৮.০০	৬.০০	৬৭.০০	৮.০০	০.৬০	১৩.০০
৭	কুমিল্লা	১৫০.০০	২০০.০০	২০.০০	৪৫.০০	১৮.০০	৯.০০	৮.০০	১৩.০০	১৫.০০	১২৮.০০	১৫.০০	১.১০	২০.০০
৮	ফরিদপুর	৪৫.০০	১৬০.০০	৫.০০	৩৫.০০	৩.০০	৯.০০	৭.০০	৭.০০	৭.০০	৭৩.০০	৫.০০	০.৩০	১২.০০
৯	কুষ্টিয়া	৭৫.০০	১৫০.০০	১০.০০	৫.০০	০.৫০	৮.০০	১.০০	১০.০০	১.০০	৩৫.৫০	৮.০০	০.২০	১০.০০
১০	এলাপিও	৩৬৫.০০	২৬০.০০	৫০.০০	৪২০.০০	৬৯.৫০	১২.০০	৩৭.০০	০.০০	০.০০	৫৮৮.৫০	৪৬.০০	০.৪০	১০.০০
সর্বমোটঃ				৩৫০.০০	৬৫০.০০	২২০.০০	১০০.০০	৮০.০০	১০০.০০	১০০.০০	১৬০০.০০	১৩০.০০	১৫.০০	১২৫.০০


২২/১০/২০২৩
(মোঃ মাহমুদুল হাসান ভূঁইয়া)
মুখ্য কর্মকর্তা


২২/১০/২৩
(আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়

পরিশিষ্ট-“২”

বিষয়ঃ ১৬/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত ‘নবান্ন’ অনুষ্ঠানের দিন আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

ক্রঃ নং	কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম	আমানত সংগ্রহ		ঋণ বিতরণ		ঋণ আদায়ের পরিমাণ										৫২ স্থগিত সুদ আদায়										অবশোধনকৃত ঋণ আদায়				বৈদেশিক রেমিট্যান্স প্রদান																																																																																																																																																																																																																																																																																																																																																																									
		লক্ষ্যমাত্রা	পরিমাণ	হার	লক্ষ্যমাত্রা	পরিমাণ	হার	শ্রেণীকৃত ঋণ		শ্রেণীযোগ্য ঋণ- ১				শ্রেণীযোগ্য ঋণ-২				বিস্তারিত আওতাধীন আদায়যোগ্য ঋণ		পুনর্ভুক্তকৃত ঋণ (শ্রেণীযোগ্য- ১,২ ও বিস্তারিত ব্যতীত)		মোট ঋণ আদায়		শ্রেণীকৃত ঋণ		শ্রেণীকৃত ঋণ		শ্রেণীকৃত ঋণ		শ্রেণীকৃত ঋণ		শ্রেণীকৃত ঋণ																																																																																																																																																																																																																																																																																																																																																																							
								লক্ষ্যমাত্রা	অর্জন	নিয়মিত	পুনর্ভুক্তকৃত	নিয়মিত	পুনর্ভুক্তকৃত	নিয়মিত	পুনর্ভুক্তকৃত	নিয়মিত	পুনর্ভুক্তকৃত	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অ

মোঃ মাহমুদুল হাসান ভূঁইয়া
মুখ্য কর্মকর্তা
ঋণ আদায় বিভাগ
বিক্রেতা, প্রাকা, ঢাকা।

মোঃ মাহমুদুল হাসান ভূঁইয়া
মুখ্য কর্মকর্তা
ঋণ আদায় বিভাগ
বিক্রেতা, প্রাকা, ঢাকা।